

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা সমাজসেবা কার্যালয়
কোম্পানীগঞ্জ, নোয়াখালী

স্মারক নং-৪১.০১.৭৫২১.০০০.৩১.০০১.১৭-৪৭

তারিখ: ২৭/০২/২০২২ খ্রি.

বরাবর

পরিচালক
সামাজিক নিরাপত্তা শাখা
সমাজসেবা অধিদফতর, ঢাকা।

মাধ্যম: যথাযথ কর্তৃপক্ষ

বিষয়: ২০২১-২২ অর্থ বছরের কোম্পানীগঞ্জ উপজেলার বসুরহাট পৌরসভার বরাদ্দকৃত বয়স্ক ভাতার উদ্বৃত্ত অংশ কোম্পানীগঞ্জ উপজেলার ৮টি ইউনিয়নে বরাদ্দ প্রদান প্রসঙ্গে
সূত্র: ৪১.০১.০০০০.০৪৯.১৬০২৬.২১.৮৯৫, তারিখ: ২৯/০৯/২০২১ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে মহোদয়ের সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, উপজেলা সমাজসেবা কার্যালয়, কোম্পানীগঞ্জ নোয়াখালীর ৪১.০১.০০০০.০৪৯.১৬.০২৬.২১.৮৯৫, তারিখ: ২৯/০৯/২০২১ স্মারক মূলে বসুরহাট পৌরসভায় ১ নং ওয়ার্ড হতে ৫ নং ওয়ার্ড পর্যন্ত ওয়ার্ড প্রতি ১৫৬ জন এবং ৬ নং ওয়ার্ড হতে ৯ নং ওয়ার্ড পর্যন্ত ওয়ার্ড প্রতি ১৫৫ জন করে সর্বমোট ১৪০০ জনের বরাদ্দ পাওয়া যায়। ১৪০০ জনের বিপরীতে মাত্র ২১৮ জন বয়স্ক ভাতা প্রদানযোগ্য ভাতাভোগী পাওয়া যায়।

২। স্মারক নং - ৪১.০১.৭৫২১.০০০.৩১.০০৫.২০-২৯, তারিখ: ২৬/০১/২০২২ খ্রি. বসুরহাট পৌরসভা ভাতা বাস্তবায়ন সভার সিদ্ধান্তক্রমে ১৪০০ জনের বিপরীতে মাত্র ২১৮ জন ভাতাভোগী পাওয়া যায়। উদ্বৃত্ত ১১৮২ জনের কোটা বয়স্ক ভাতা কর্মসূচি নীতিমালা (সংশোধিত) ২০১৩ এর ১৪.৮ অনুযায়ী “কোন ইউনিয়ন/ পৌরসভা/উপজেলা/সিটি কর্পোরেশনের জন্য নির্ধারিত কোটা ঐ এলাকায় বসবাসকারী প্রয়োজনীয় যোগ্যতা সম্পন্ন প্রার্থী দ্বারা পূরণ করা সম্ভব না হলে তার পার্শ্ববর্তী ইউনিয়ন/পৌরসভা/উপজেলা/সিটি কর্পোরেশন যেখানে অধিক সংখ্যক ভাতাপ্রাপ্তির যোগ্যতা ব্যক্তি রয়েছে, সংশ্লিষ্ট বাস্তবায়ন কমিটির সিদ্ধান্তক্রমে অবশিষ্ট কোটা স্থানান্তর করা যাবে”। নীতিমালার আলোকে উদ্বৃত্ত ১১৮২ জনের কোটা কোম্পানীগঞ্জ উপজেলার ৮টি ইউনিয়নে স্থানান্তরপূর্বক বরাদ্দ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।

৩। ২৬/০১/২০২২ খ্রি. তারিখে অনুষ্ঠিত পৌরসভা ভাতা বাস্তবায়ন সভার সিদ্ধান্ত অনুযায়ী ৩০/০১/২০২২ খ্রি. তারিখে কোম্পানীগঞ্জ উপজেলা বয়স্ক ভাতা বাস্তবায়ন সভা অনুষ্ঠিত হয় (কার্যবিবরণী সংযুক্ত)। উক্ত সভার সিদ্ধান্তক্রমে বসুরহাট পৌরসভার উদ্বৃত্ত ১১৮২ জনের বয়স্ক ভাতা অপেক্ষমাণ MIS-এ অপেক্ষমাণ তালিকা অনুযায়ী বিভাজন করা হয়।

ছক-ক

ক্র.নং	ইউনিয়নের নাম	২০২১-২২ অর্থ বছর পর্যন্ত মোট বয়স্ক ভাতাভোগীর সংখ্যা	বসুরহাট পৌরসভা হতে স্থানান্তরিত বয়স্ক ভাতার সংখ্যা	২০২১-২২ অর্থ বছরে সংশোধিত বরাদ্দ	মন্তব্য
১	২	৩	৪	৫	৬
১	সিরাজপুর	১১২৭	১৫৫	১২৮২	কলাম ৫ অনুযায়ী ২০২১-২২ অর্থ বছরে সংশোধিত বরাদ্দ প্রদানের জন্য অনুরোধ করা হলো।
২	চরপার্বতী	১২১৪	১৭৫	১০৮৯	
৩	চরহাজারী	১০২১	৪৫	১০৬৬	
৪	চরকাঁকড়া	১৩৮৯	২৫৭	১৬৪৬	
৫	চরফকিরা	৯৮৬	৯৫	১০৮১	

৬	রামপুর	৯২৮	৯০	১০১৮
৭	মুসাপুর	৯৩৫	১৪৫	১০৮০
৮	চরএলাহী	৮০৫	২২০	১০২৫
মোট		৮৪০৫	১১৮২	৯৫৮৭


১১৮২ জনের কোটা স্থানান্তরিত হওয়ার পর বসুরহাট পৌরসভার বয়স্ক ভাতাভোগীর সংখ্যা
ছক-খ

ক্র.নং	পৌরসভার নাম	২০২০-২১ অর্থ বছর পর্যন্ত মোট বয়স্ক ভাতাভোগীর সংখ্যা	২০২১-২২ অর্থবছরে বয়স্ক ভাতা প্রদান যোগ্য বয়স্ক ভাতাভোগীর সংখ্যা	২০২১-২২ অর্থ বছরে সংশোধিত বরাদ্দ	মন্তব্য
১	২	৩	৪	৫	৬
১	বসুরহাট	৭৯৪	২১৮ (মোট বরাদ্দ ১৪০০)	১০১২	২০২১-২২ অর্থবছরে বরাদ্দকৃত ১৪০০ জনের বিপরীতে মাত্র ২১৮ জন বয়স্ক ভাতা প্রদানযোগ্য তালিকা পাওয়া যায়।

এমতাবস্থায়, বসুরহাট পৌরসভায় উদ্বৃত্ত ১১৮২টি বয়স্ক ভাতার সংখ্যা ছক-ক অনুযায়ী ২০২১-২২ অর্থ বছরে সংশোধিত বরাদ্দ প্রদানের জন্য মহোদয়ের বরাবর বিশেষ অনুরোধ করা হলো।

সংযুক্তি:

- ১। বসুরহাট পৌরসভা বয়স্ক ভাতা বাস্তবায়ন সভার কার্যবিবরণী
- ২। উপজেলা বয়স্ক ভাতা বাস্তবায়ন সভার কার্যবিবরণী



২৭-০২-২০২২

(রাসেল আহমেদ)

উপজেলা সমাজসেবা অফিসার
কোম্পানীগঞ্জ, নোয়াখালী

অনুলিপি: সদয় কাযার্থে/কাযার্থে ও জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। পরিচালক, বিভাগীয় সমাজসেবা কার্যালয়, চট্টগ্রাম
- ২। উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, নোয়াখালী
- ৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কোম্পানীগঞ্জ, নোয়াখালী।
- ৪। উপজেলা নির্বাহী অফিসার, কোম্পানীগঞ্জ, নোয়াখালী
- ৫। অফিস কপি